

পর্যটকশূন্য দেশের বৃহত্তম কৃত্রিম লেক মহামায়া

- A Monitor Desk Report

Date: 20 November, 2023



চট্টগ্রাম: হরতাল ও অবরোধে পর্যটকশূন্য হয়ে পড়েছে দেশের দ্বিতীয় বৃহত্তম কৃত্রিম লেক মীরসরাইয়ের মহামায়া ইকোপার্ক। ফলে লোকসানে মুখে পড়েছেন ইজারাদার ও ব্যবসায়ীরা।

এ সময়ে পার্কটি পর্যটকদের পদচারণায় মুখর থাকার কথা ঠিক সে সময়ে সুনসান নীরব হয়ে রয়েছে মহামায়া লেক। পর্যটকদের ঘিরে গড়ে ওঠা অনেক ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ আছে। কয়েকটি খোলা থাকলেও বেচাকেনা নেই বললেই চলে।

রবিবার (১৯ নভেম্বর) মহামায়া ইকোপার্ক এলাকায় গিয়ে দেখা গেছে সম্পন্ন ভিন্ন চিত্র। ঠাকুরদীঘি থেকে মহামায়ায় যাওয়ার সড়কে গাড়ির জন্য হাঁটা দায় ছিল। এখন সে সড়কে ৩০ মিনিটেও কোনো গাড়ির দেখা মেলেনি। ঘণ্টার পর ঘণ্টা যাত্রীর জন্য অপেক্ষায় আছে এই সড়কে চলাচল করা সিএনজিচালিত অটোরিকশা চালকেরা। হোটেলসহ বিভিন্ন দোকানে মানুষ দেখা মেলিনি। অথচ এখানে সব সময় মানুষের জটলা লেগে থাকে অন্যান্য সময়।

টিকিট কাউন্টারে বসে অলস সময় কাটাচ্ছেন ইজারা পাওয়া প্রতিষ্ঠানের লোকজন। লেকের পাড়ও জনমানবশূন্য। লেকের পানিতে চলাচল করা ইঞ্জিনচালিত নৌকা, কায়াকিং বোট সব বন্ধ রয়েছে।

মহামায়া ইকোপার্ক ইজারা পাওয়া ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তা জাহেদুল ইসলাম বলেন, অবরোধের কারণে পর্যটক একেবারে কমে গেছে। আগে দৈনিক ৫০০ প্রবেশ টিকিট বিক্রি হতো। এখন ৬০ থেকে ৭০টি টিকিট বিক্রি হচ্ছে। পার্কিংয়ে একটি টিকিটও বিক্রি হয়নি। অবরোধে গাড়ি চলাচল বন্ধ থাকায় পর্যটক আসতে পারছে না। অবরোধ যদি আরও বাড়ানো হয় তাহলে ব্যবসার অবস্থা আরও খারাপ হয়ে যাবে।